ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-২১৪৫</u>

আগরতলা,৫ আগস্ট,২০২৫

## কুমারঘাট  মহকুমা হাসপাতালে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন






বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও ইউনিসেফ-এর সমর্থনে প্রতি বছর বিশ্বব্যাপী ১ আগস্ট থেকে ৭ আগস্ট-এই সপ্তাহটি  মাতৃদুগ্ধ সপ্তাহ হিসাবে উদযাপন  হয়ে থাকে। এর মাধ্যমে মাতৃদুগ্ধের গুরুত্ব ও শিশুর সঠিক পুষ্টি নিশ্চিত করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করা হচ্ছে। ঊনকোটি জেলার কুমারঘাট মহকুমা হাসপাতালে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ (১-৭আগস্ট) উদযাপনের অঙ্গ হিসাবে মায়ের দুধের উপকারিতা সম্পর্কে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে গত ৪ আগস্ট, ২০২৫ হাসপাতালের এমসিএইচ ক্লিনিকে আয়োজিত এই  অনুষ্ঠানে মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুচরিত চাকমা, এএনএম অরুণা চাকমা ও শেফালী দাস, ঝন্টু মালাকার, আশাকর্মীগণ, গর্ভবতী মহিলা এবং সদ্য মা হওয়া মহিলারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে হাসপাতালের মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুচরিত চাকমা মাতৃদুগ্ধ পান সম্পর্কে আলোচনা করেন। এর পাশাপাশি স্বাস্থ্যকর্মীরা সঠিক পদ্ধতিতে শিশুকে স্তন্যপান করানোর কৌশল নিয়ে কথা বলেন এবং মাতৃদুগ্ধ পানের উপকারিতা নিয়ে আলোচনা করেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*****